# আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড

গ্রীন সিটি এজ (লেভেল-৭), ৮৯ কাকরাইল,
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০
www.istcl.gov.bd

## হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

# নিয়োগ বিজ্ঞপ্তি

নং-আইএসটিসিএল/এইচআরএম/১০৪/২০২৫/২১৭০

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪৩২
১১ ডিসেম্বর ২০২৫

**আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড**-এর অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার (গ্রেড-৯) পদে সরাসরি নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে শুধুমাত্র Online-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১. | অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার (গ্রেড-৯) | ৮টি | ৩২ (বত্রিশ) | কোম্পানির বেতন স্কেল ২০১৬ এর টাকা ২২,০০০/- ...৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (খ) কোনো প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকলে অযোগ্য বলে বিবেচিত হবেন; এবং (গ) প্রোগ্রামিং সংক্রান্ত স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ। |

০২। **বয়স:** ০১.১২.২০২৫ ইং তারিখে প্রার্থীর বয়সসীমা সর্বনিম্ন ২১ (একুশ) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। **Online**-এ আবেদনপত্র দাখিল এবং ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫.১২.২০২৫ তারিখ, সকাল ১০:০০ ঘটিকা। আগ্রহী প্রার্থীগণকে আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড-এর ওয়েবসাইট www.istcl.gov.bd এর নিয়োগ মেনুবারে প্রবেশ করে Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪। **Online**-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ১৪.০১.২০২৬ তারিখ, রাত ১১:৫৯ ঘটিকা। আবেদন ফি প্রদান, Payment Verify এবং Applicant's Copy সংগ্রহের শেষ তারিখ ও সময়: ১৭.০১.২০২৬ তারিখ, রাত ১১:৫৯ ঘটিকা।

০৫। **আবেদন ফিঃ** বর্ণিত পদের জন্য ২০০ টাকা পরীক্ষার ফি (অফেরতযোগ্য) ই-পেমেন্ট গেটওয়ে এসএসএল কমার্স (**SSL Commerz**) এর মাধ্যমে (আবেদন ফি প্রদানের বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) আবেদনকারীকে জমা প্রদান করতে হবে। অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) এর জন্য পরীক্ষার ফি (অফেরতযোগ্য) ৫০.০০ টাকা।

০৬। **শিক্ষাগত যোগ্যতার মান নির্ধারণী নির্দেশনাঃ**
গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১ (অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপভাবে নির্ধারিত হবেঃ

ক) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে -

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণি |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণি |

০৭। O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। প্রত্যেক আবেদনকারীকে তাঁর সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়ে ভুল তথ্য প্রদান করলে বা কোন তথ্য গোপন করলে, কোম্পানিতে নিয়োগপ্রাপ্ত হওয়ায় পর অপ্রদর্শিত সার্টিফিকেট পরবর্তীতে গ্রহণযোগ্য হবে না।

০৮। চাকুরির আবেদন ফরমে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

০৯। প্রার্থীর বিবরণ ও বর্তমান ঠিকানা: প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ অবশ্যই এসএসসি অথবা সমমানের সনদ অনুযায়ী Online Application এ লিখতে হবে। প্রার্থীর বর্তমান বাসস্থান এবং নিয়োগ সংক্রান্ত চিঠিপত্র পেতে ইচ্ছুক ঠিকানাকে বর্তমান ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে।

১০। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ প্রার্থী কর্তৃক অবশ্যই উল্লেখ করতে হবে।

১১। অনলাইনে আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলি কোম্পানির ওয়েবসাইটে নিয়োগ মেনুবারে পাওয়া যাবে। আবেদন করার পর প্রার্থীকে Tracking Number, Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং Online Applicant's Copy ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে।

১২। প্রার্থীগণকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র জমা প্রদান করতে হবে না। লিখিত ও ব্যবহারিক (অ্যাপটিটিউড) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদি আহ্বান করা হবে। দাখিলকৃত কাগজপত্রাদির সঠিকতা যাচাইয়ান্তে যে সকল প্রার্থীর কাগজপত্রাদি সঠিক পাওয়া যাবে শুধুমাত্র তাঁদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

১৩। চাকুরিরত প্রার্থীগণ তাঁদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন এবং লিখিত ও ব্যবহারিক (অ্যাপটিটিউড) পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিসহ ১২নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক কাগজপত্রাদি দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৪। প্রার্থীর স্থায়ী ঠিকানা: প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানাকে প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থী তাঁর স্বামীর স্থায়ী ঠিকানাকে নিজের স্থায়ী ঠিকানা হিসেবে ব্যবহার করতে পারবেন। তবে আবেদন দাখিলের পরে কোন প্রার্থী বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

১৫। Online এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীর সদ্য তোলা (অনধিক ০৬ মাস পূর্বে তোলা) Formal রঙিন ছবি (300×300 pixel ও file size 100 KB এর বেশি নয়) এবং স্বাক্ষর (300×80 pixel ও file size 60 KB এর বেশি নয়) স্ক্যান করে (.jpg ফরম্যাটে) upload করতে হবে। ছবি ও স্বাক্ষর এর ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে।

১৬। নিয়োগের ক্ষেত্রে কোম্পানির চাকুরি প্রবিধানমালা এবং প্রচলিত সরকারি বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্তে কোন সংশোধন করা হলে তা অনুসরণ করা হবে।

১৭। অসম্পূর্ণ/ভুল/ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদন কিংবা প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র জাল বা মিথ্যা প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন/প্রতারণার আশ্রয় নিলে উক্ত প্রার্থীর সাথে কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে। কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৮। প্রার্থীগণকে MCQ Test এবং/বা লিখিত, ব্যবহারিক (অ্যাপটিটিউড) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৯। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য সময় সময় কোম্পানির ওয়েবসাইট (www.istcl.gov.bd) এ প্রকাশ করা হবে।

২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল আবেদন বাতিল/ পদসংখ্যা বৃদ্ধি/হ্রাস এবং নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২১। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিশ্চিত হবেন।

২২। আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত/-

**(গোপাল চন্দ্র কর্মকার)**
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন
ফোন নং-৮৩০০৪৪৬